



শুনতে প্রস্তুত এবং উন্মীষ

প্রিয় পরিবারবর্গ এবং সহকর্মীবৃন্দ,

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এ (NYCPS) আমার প্রায় দুই দশকের চাকুরী জীবনে, আমি বিভিন্ন দায়িত্ব পালন করেছি; আমি একজন শিক্ষক, প্রিন্সিপাল, ডেপুটি সুপারিনটেনডেন্ট, ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্ট, ডেপুটি চ্যাম্বেলর, এবং বর্তমানে আপনাদের গর্বিত চ্যাম্বেলর হিসেবে দায়িত্ব পালন করেছি। এছাড়াও আমি একজন NYCPS প্যারেন্ট (মা) হয়েছি। এই সবকিছুর মধ্য দিয়ে, আমি শিখেছি যে আমাদের স্কুলগুলোকে সর্বশ্রেষ্ঠ হিসেবে গড়ে তুলতে এই দৃষ্টিভঙ্গিগুলোর প্রতিটি একগুচ্ছ নতুন ধারণা, পরামর্শ, উদ্বেগ, এবং প্রশ্ন উদ্বুদ্ধ করে।

সেজন্যই আমি পাঁচ-বরোব্যাপী লিসেনিং ট্যুর (মতামত শোনার সফর) চালু করতে পেরে উদ্দীপ্ত, যেখানে আমি সরাসরি আপনাদের - আমাদের NYCPS কমিউনিটির কাছ থেকে সরাসরি আপনাদের অভিজ্ঞতা, প্রাধান্য, এবং মতামত শুনবো। কী কী ভালোভাবে কাজ করছে এবং আমাদের কোথায় উন্নতি করতে পারি আমি তা শুনতে চাই। এবং আমি বিশেষভাবে তিনটি উদ্দিষ্ট ক্ষেত্রে আপনাদের মতামত সংগ্রহে আগ্রহী যেগুলো আমি বিশ্বাস করি বলিষ্ঠ স্কুলের কমিউনিটির জন্য অত্যন্ত অপরিহার্য: শারীরিক ও মানসিক নিরাপত্তা, শিক্ষাবিদকে সহায়তা, এবং

পরিবারদের ক্ষমতায়ন। আপনার মতামত এই ক্ষেত্রগুলোতে ভবিষ্যৎ নীতি ও প্রোগ্রামগুলোকে রূপদানে সহায়তা করবে এবং আমি আপনার অন্তর্দৃষ্টি থেকে শেখার জন্য উদ্বীণ হয়ে আছি।

এই লিসেনিং সেশন বা অধিবেশনগুলো জনসাধারণের জন্য উন্মুক্ত থাকবে—পরিবার, শিক্ষার্থী, কর্মী, এবং কমিউনিটি সদস্যদের উপস্থিত হতে উৎসাহিত করা হচ্ছে। ট্যুরের জন্য আমাদের সময়সূচি এখানে দেয়া হলো:

- 19 নভেম্বর - ম্যানহাটান
- 26 নভেম্বর - ব্রুকলিন
- 3 ডিসেম্বর - কুইন্স
- 10 ডিসেম্বর - ব্রংক্স
- 17 ডিসেম্বর - স্ট্যাটেন আইল্যান্ড

সুনির্দিষ্ট স্থান, সময়, ভাষাগত সহায়তায় সমর্থন, এবং রেজিস্ট্রেশন সংক্রান্ত নির্দেশাবলী সহ বিস্তারিত তথ্যের জন্য অনুগ্রহ করে আমাদের [ওয়েবসাইট](#) দেখুন—এবং সবাইকে জানিয়ে দিতে সহায়তা করুন! আপনাদের সকলের মূল্যবান দৃষ্টিভঙ্গি এবং দক্ষতা রয়েছে, এবং আমি শুনতে প্রস্তুত এবং উদ্বীণ।

অংশীদারিত্বে,

মেলিসা অ্যাভিলেস-রামোস (Melissa Aviles-Ramos)

চ্যাম্পেলর

আমাদের স্পটলাইট ভিডিও:



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের [ইউটিউব](#) পেজ দেখুন।

এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

সর্বসাম্প্রতিক NYCPS সংক্রান্ত তথ্যের জন্য অনলাইনে আমাদেরকে [X](#), [ফেসবুক](#), এবং [ইনস্টাগ্রাম](#)-এ অনুসরণ করুন।

NYCPS পরিবারবর্গ: আপনারা যদি আর PS+You নিউজলেটারটি পেতে না চান, তবে অনুগ্রহ করে [আনসাবস্ক্রাইব](#) করুন।